# যুব সমাজের অবক্ষয়, কারণ ও প্রতিকার

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ভূমিকা

إِنَّ الْحَمْدُ لله ، نَحْمَدُهُ وَنَسْتَعِيْنُهُ وَنَسْتَغْفِرُهُ ، وَنَعُوْذُ باللهِ مِنْ شُرُوْرِ أَنْفُسِنَا ، وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا ، مَنْ يَّهْدِهِ اللهُ فَلاَ مُضِلَّ لَهُ ، وَمَنْ يُّضْلِلِ اللهُ فَلاَ هَادِيَ لَهُ ، وَأَشْهَدُ أَنْ لاَّ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ

নিশ্চয়ই যাবতীয় প্রশংসা আল্লাহ তা'আলার জন্য। আমরা তারই প্রশংসা করি, তার কাছে সাহায্য চাই, তার নিকট ক্ষমা প্রার্থনা করি। আল্লাহর নিকট আমরা আমাদের প্রবৃত্তির অনিষ্টতা ও আমাদের কর্মসমূহের খারাপ পরিণতি থেকে আশ্রয় কামনা করি। আল্লাহ যাকে হেদায়েত দেন, তাকে গোমরাহ করার কেউ নেই। আর যাকে গোমরাহ করেন তাকে হেদায়েত দেওয়ার কেউ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি, আল্লাহ ছাড়া কোনো সত্যিকার ইলাহ নেই, তিনি একক, তার কোনো শরিক নেই। আরও সাক্ষ্য দিচ্ছি, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর বান্দা ও রাসূল। সালাত ও সালাম নাযিল হোক তার উপর, তার পরিবার-পরিজন ও তার সাহাবীদের উপর এবং যারা কিয়ামত অবধি ইহসানের সাথে তাদের অনুসরণ করেন তাদের উপর।

বর্তমান সময়ে যুব সমাজের দুরবস্থা ও তাদের নৈতিক পতন এত বেশি বৃদ্ধি পেয়েছে যা বলার অপেক্ষা রাখে না। এভাবে চলতে থাকলে, মুসলিম সমাজের অবস্থা যে কোথায় গিয়ে দাঁড়াবে তা কল্পনাতীত। তাই যুব সমাজকে তাদের অপ-মৃত্যুর হাত থেকে রক্ষা করা এবং নিশ্চিত ধ্বংস থেকে বাঁচানোর চেষ্টা করা আমাদের সকলের নৈতিক দায়িত্ব। এ দায়িত্ববোধ থেকে এ বইটি সংকলনের প্রেরণা পাই। এ বইটি বর্তমান সময়ের যুব সমাজের বিভিন্ন সমস্যা এবং এগুলোর সমাধান তুলে ধরার চেষ্টা করা হয়েছে। আশা করি পাঠক বন্ধুরা বইটি পড়ে উপকৃত হবেন এবং ধ্বংসের হাত থেকে নিজেকে রক্ষা করতে সচেষ্ট হবেন। আল্লাহ রাব্বুল আলামীনের নিকট প্রার্থনা তিনি যেন আমাদেরকে ভালো কর্ম করার তাওফিক দেন এবং খারাপ ও মন্দ কর্ম হতে হেফাজত করেন। আমীন

জাকের উল্লাহ আবুল খায়ের

Source — https://www.hadithbd.com/books/link/?id=10426

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন